দৈনিক জনকণ্ঠ

তারিখ ··· JUN. 2 0 1999
পৃষ্ঠা ৬ কলাম ৪

103

# পরীক্ষায় ফেল করে তরুণ ও তরুণীর আত্মহত্যা

**জনকণ্ঠ রিপোর্ট**

এসএসসি পরীক্ষায় ফেল করে গাজীপুরে এক তরুণী ও খুলনায় এক তরুণ আত্মহত্যা করেছে।

গাজীপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, এবারের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হয়ে গত বৃহস্পতিবার রাশিদা আক্তার (১৬) আত্মহত্যা করে। সে সিকিউরিটি প্রিন্টিং প্রেসের ড্রাইভার আবদুস সালামের কন্যা। সে গাজীপুর ক্যান্টনমেন্ট বোর্ড হাইস্কুল থেকে পরীক্ষা দিয়েছিল। ফেলের খবর শুনে সে বাথরুমে গিয়ে গলায় ওড়না পেঁচিয়ে শাওয়ারের সঙ্গে ঝুলে আত্মহত্যা করে। এ ব্যাপারে থানায় মামলা হয়েছে।

খুলনা থেকে স্টাফ রিপোর্টার জানান, এসএসসি পরীক্ষায় ফেল করে মনের দুঃখে আত্মহত্যা করেছে বটিয়াঘাটা থানার রাজবাঁধ এলাকার তারাপদ রায়ের পুত্র তাপস (১৭)। বৃহস্পতিবার সন্ধ্যায় সে বাড়ির পাশে একটি মাছের ঘেরে গিয়ে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করে।